

Prime Minister receives a telephone call from H.E. Justin Trudeau, Prime Minister of Canada

February 10, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর মধ্যে টেলিফোনে বার্তালাপ

ফেব্রুয়ারী 10, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর মধ্যে আজ টেলিফোনে কথা হয়েছে।

কানাডায় প্রয়োজনীয় কোভিড-১৯ টিকা ভারত থেকে পাঠানোর বিষয় নিয়ে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী ট্রুডো। শ্রী মোদী কানাডার প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেন যে, অন্যান্য দেশে যেভাবে টিকা পাঠানো হয়েছে সেইমতো কানাডাতেও টিকা পাঠানোর বিষয়ে যথাযথ প্রয়াস চালাবে ভারত।

প্রধানমন্ত্রী শ্রী মোদীর উচ্ছ্বসিত প্রশংসা করে ট্রুডো জানান, যদি বিশ্ব কোভিড-১৯ জয় করতে সক্ষম হয় তবে তা ভারতের উল্লেখযোগ্য ওষুধের ক্ষমতা এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সেই ক্ষমতা বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে ভাগ করে নেওয়ার কারণে। প্রধানমন্ত্রী ট্রুডোর এই অনুভূতিশীলতার জন্য শ্রী মোদী ধন্যবাদ জানান।

উভয় নেতাই বহু গুরুত্বপূর্ণ ভূ-রাজনৈতিক বিষয়ে ভারত ও কানাডার মধ্যে সম দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করেন। জলবায়ু পরিবর্তন ও মহামারীর জেরে অর্থনৈতিক প্রভাবের মতো বিশ্বের নানান সমস্যার বিরুদ্ধে লড়াইয়ে উভয় দেশ পারস্পরিক সহযোগিতা বজায় রেখে চলবে বলে তাঁরা সহমত পোষণ করেছেন।

দুই দেশের প্রধানমন্ত্রী এই বছরের শেষের দিকে বিভিন্ন গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক মঞ্চে একে অপরের সঙ্গে সাক্ষাৎ এবং পারস্পরিক স্বার্থের বিষয় নিয়ে আলোচনা চালিয়ে যাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

ফেব্রুয়ারী 10, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.